# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০০৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি মনে করে যে হাদীসটি ওয়ার্রাদ থেকে ইমাম শা‘বী ও মুসাইয়্যিব বিন রাফে‘ ব্যতীত আর কেউ বর্ণনা করেননি, তার কথা অপনোদনে হাদীস

ذكر الخبر المدحض قول من زعم أن هَذَا الْخَبَرَ مَا رَوَاهُ عَنْ وَرَّادٍ إِلَّا الشَّعْبِيُّ وَالْمُسَيِّبُ بْنُ رَافِعٍ

---

আরবী

2004 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُعَاذِ بْنِ مُعَاذٍ الْعَنْبَرِيُّ قَالَ: حَدَّثَنَا أَبِي قَالَ: حَدَّثَنَا شُعْبَةُ عَنْ عَبْدِ الْمَلِكِ بْنِ عُمَيْرٍ قَالَ: سَمِعْتُ وَرَّاداً ـ كَاتِبَ الْمُغِيرَةِ يُحَدِّثُ ـ: أَنَّ الْمُغِيرَةَ بْنَ شُعْبَةَ كَتَبَ إِلَى مُعَاوِيَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ إِذَا قَضَى صَلَاتَهُ فسلَّم قَالَ: (لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ اللَّهُمَّ لَا مَانِعَ لما أعطيت ولا معطي لما منعت ولا ينفع ذا الجد منك الجد)

الراوي : وَرَّاد | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2004 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (1349) ((الصحيحة)) (196 / الطبعة الجديدة).

বাংলা

২০০৪. মুগীরা বিন শু‘বাহ রাদ্বিয়াল্লাহু আনহুর লেখক ওয়ার্রদ রহিমাহুল্লাহ বলেন, “মুগীরা বিন শু‘বাহ রাদ্বিয়াল্লাহু আনহু মু‘আবিয়া রাদ্বিয়াল্লাহু আনহুর কাছে লিখে পাঠান, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন সালাত শেষ করতেন, তখন বলতেন, لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلَى كُلِّ شيء قدير اللهم لا مانع لما أعطيت ولا معطي لما منعت ولا ينفع ذا الجد منك الجد (আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা‘বূদ নেই, তিনি এক, তাঁর কোন শরীক নেই, তাঁর জন্যই সকল রাজত্ব, তাঁর জন্যই সমস্ত প্রশংসা, তিনি সর্ববিষয়ে ক্ষমতাবান। হে আল্লাহ, যা প্রদান করেন, তার বাধাদানকারী কেউ নেই, আর আপনি যা যা নিষেধ করেন, তা প্রদানকারী কেউ

নেই এবং কোন সম্পদশালীর সম্পদ আপনার (শাস্তির) বিষয়ে কোন উপকার করতে পারবে না।)[1]

## ফুটনোট

[1] তাবারানী আল কাবীর: ২০/৮৯৮; মুসনাদ আহমাদ: ৪/২৫০; সহীহ আল বুখারী: ৬৪৭৩; নাসাঈ: ৩/৭১; সহীহ ইবনু খুযাইমাহ: ৭৪২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১৩৪৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ ওয়াররাদ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91321

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন